ই-বুকস ও ই-জার্নাল ব্যবহারের নিয়মাবলি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় রংপুর, সেন্ট্রাল লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সেন্টারের শিক্ষক, গবেষক এবং শিক্ষার্থীরা ক্যাম্পাসের নেটওয়ার্ক বা নির্দিষ্ট IP অধীনে থেকে সহজেই এসব ডিজিটাল রিসোর্স ব্যবহার করা যাবে।

১. ই-বুকস ও ই-জার্নাল ব্যবহারের প্রধান শর্ত ও সুযোগ-সুবিধা

* আইপি নেটওয়ার্কের ব্যবহার: বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ইন্টারনেট নেটওয়ার্ক বা ক্যাম্পাসের নির্দিষ্ট আইপি (IP) অ্যাড্রেস-এর আওতায় থেকেই এই ই-রিসোর্সগুলো ব্যবহার করা যাবে।

২. ব্যবহারের ধাপসমূহ (How to Access)

অন-ক্যাম্পাস এক্সেস (ক্যাম্পাসে বসে ব্যবহার):

* বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সেন্টারে অথবা ক্যাম্পাসের ওয়াইফাই/ল্যান (LAN) নেটওয়ার্কে আপনার ল্যাপটপ, ডেস্কটপ বা স্মার্টফোন সংযুক্ত করুণ।
* লাইব্রেরির ওয়েবসাইট বা সংশ্লিষ্ট ডিজিটাল লাইব্রেরি লিংকে প্রবেশ করুণ।

* যেহেতু IP রেঞ্জের মাধ্যমে এটি স্বয়ংক্রিয়ভাবে ভেরিফাই হয়, তাই আলাদা কোনো পাসওয়ার্ড ছাড়াই সরাসরি ই-বুকস ও ই-জার্নাল ব্রাউজ, পড়া এবং ডাউনলোড করা যাবে।

৩. লিংক ব্যবহার করা: ই-বুকস বা ই-জার্নালের তালিকা থেকে যেকোনো একটি প্রকাশনার এক্সেস লিংকে ক্লিক করে বা লিংকটি কপি করে সরাসরি ব্রাউজারের (যেমন: গুগল ক্রোম) অ্যাড্রেস বারে পেস্ট করে ইন্টার প্রেস করলেই সংশ্লিষ্ট পাবলিশারের পোর্টালে সরাসরি প্রবেশ করা যাবে।

* ইউজিসি ডিজিটাল লাইব্রেরি (UDL) / HEAT প্রজেক্টের প্লাটফর্ম ব্যবহার:

* ইউজিসির নির্দেশনা অনুযায়ী লাইব্রেরির সাবস্ক্রাইব করা ৭টি প্রকাশনার ৩০ হাজারের অধিক ই-বুকস এবং স্বনামধন্য প্রকাশনীর ই-জার্নালগুলোর অফিশিয়াল পোর্টালে গিয়ে নির্দিষ্ট বিষয়ের বই বা জার্নাল সার্চ করা যাবে।

৪. মান্য করার নিয়মাবলী (Terms & Guidelines)

* ব্যক্তিগত একাডেমিক ব্যবহার: সংগৃহিত ই-বুকস ও ই-জার্নাল কেবল ব্যক্তিগত শিক্ষা, পাঠদান এবং গবেষণার কাজে ব্যবহার করা যাবে।
* গণহারে ডাউনলোড নিষেধ (Bulk Downloading): কোনো নির্দিষ্ট সফটওয়ার ব্যবহার করে একসাথে পুরো জার্নাল ডাটাবেজ বা অনেকগুলো বই বাল্ক ডাউনলোড (Bulk Download) করা যাবে না। প্রকাশক বা ইউজিসির পলিসি অনুযায়ী এটি নিয়মের ব্যত্যয় ঘটলে পুরো বিশ্ববিদ্যালয়ের IP ব্লক হয়ে যেতে পারে।

৫. অনুসন্ধান (Search): পোর্টালের সার্চ বক্সে গিয়ে আপনার প্রয়োজনীয় বইয়ের নাম, লেখকের নাম, নির্দিষ্ট বিষয় বা কীওয়ার্ড (Keyword) দিয়ে সহজে আপনার কাঙ্ক্ষিত রিসোর্স খুঁজে বের করা যাবে।

৬. ডাউনলোড ও পড়া: লাইসেন্সকৃত শর্ত ও প্রকাশকের নীতিমালা অনুযায়ী বই বা গবেষণা প্রবন্ধগুলো অনলাইনে পড়া এবং প্রয়োজনে পিডিএফ ফরম্যাটে ডাউনলোড করা যাবে।